দৈনিক ইনকিলাব

তারিখ ........ NOV. 23 2002
পৃষ্ঠা ৬ কলাম ৬

# কলিকাতায় বাংলাদেশ সংক্রান্ত গবেষণা প্রতিষ্ঠানে ভারতের অর্থসাহায্য বন্ধ

বিবিসি ঃ ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় কলিকাতায় বাংলাদেশ সংক্রান্ত একটি গবেষণা প্রতিষ্ঠানে অর্থসাহায্য দেয়া বন্ধ করে দিয়েছে। ঐ কেন্দ্রের কর্মকর্তারা বলছেন, সরকারের অর্থসাহায্য না পেলে তাদের গবেষণার কাজ বন্ধ করে দিতে হবে।

সেন্টার ফর রিসার্স অন ইন্ডিয়া বাংলাদেশ রিলেশন্স বা, সিআরআইবিআর নামে গবেষণা সংস্থাটি বিশ বছর ধরে বাংলাদেশের রাজনীতি, সমাজ ও অর্থনীতি নিয়ে গবেষণা করছে। সংস্থাটি জানিয়েছে যে, বাংলাদেশেও তাদের গবেষকদের প্রবেশপত্র দেয়া হচ্ছে না। গতবছর বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর কথিত নিপীড়ন প্রসঙ্গে একটি আলোচনা চক্রের আয়োজন করার পর এ সংস্থাটি বিতর্কে

## অর্থ সাহায্য বন্ধ

প্রথম পৃষ্ঠার পর

জড়িয়ে পড়ে। এরপর থেকে বাংলাদেশ ঐ কেন্দ্রের গবেষকদের ভিসা প্রদান বন্ধ করে দেয়। এখন ভারত সরকার সিআরআইবিআরকে জানিয়েছে যে, এই কেন্দ্রের গবেষকরা বাংলাদেশে যেতে না পারলে তাদের গবেষণা মান গ্রহণযোগ্য হবে না। তাই তাদের পক্ষে সিআরআইবিআরকে আর অর্থসাহায্য দেয়া সম্ভব নয়।

সিআরআইবিআর-এর কর্মকর্তা বিমল প্রামাণিক বলেছেন, কেন্দ্রটি বন্ধ করে দেয়া হয়েছে সত্য। তবে কেন্দ্রটি কেন বন্ধ করে দেয়া হয়েছে আমাদেরকে এর কারণ জানানো হয়নি।